গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ১৮ ডিসেম্বর ২০১৬, ৪ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। উন্নয়ন ও মর্যাদা অক্ষুণ্ন রাখতে প্রয়োজন ক্ষমতার ধারাবাহিকতা : প্রধানমন্ত্রী

২। মুক্তিযুদ্ধে রুশ-ভারতের অবদান ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে : অর্থমন্ত্রী

৩। নোট-গাইড বই ও কোচিং বাণিজ্য চলবে না : শিক্ষামন্ত্রী

৪। গণতান্ত্রিক সরকার ব্যবস্থাই বর্তমান বিশ্বের জন্য উত্তম : সিপিএ সম্মেলনে স্পিকার

৫। ঢাকায় বসবাসরত মুক্তিযোদ্ধাদের হোল্ডিং ট্যাক্স মওকুফ
: সংবর্ধনা অনুষ্ঠানে ঢাকার দুই মেয়রের ঘোষণা

৬। চট্টগ্রামে ১৪ একর জমির উপর আইটি পার্ক হবে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

৭। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে শিক্ষায় ব্যয় বাড়াতে হবে : বাংলাদেশ ব্যাংক গভর্নর

৮। সরকারি হাইস্কুলে ভর্তি পরীক্ষা শুরু

৯। ২০২৪ সালে এলডিসি থেকে বের হবে বাংলাদেশ: আঙ্কটাড

১০। আন্তর্জাতিক অভিবাসী দিবস আজ

চলমান পাতা/২

১। উন্নয়ন ও মর্যাদা অক্ষুণ্ন রাখতে প্রয়োজন ক্ষমতার ধারাবাহিকতা : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেছেন, বিএনপি নেত্রী খালেদা জিয়া এমন একটি পরিস্থিতি সৃষ্টি করতে চাইছেন, যাতে কেউ তাকে ক্ষমতায় বসিয়ে দেবে। তবে তার সে আশা পূরণ হবে না। দেশের উন্নয়ন ও গণতন্ত্রের ধারাবাহিকতা অব্যাহত রাখতে জনগণ ভোট দিয়ে আবারও আওয়ামী লীগকেই ক্ষমতায় বসাবে। রাজাকার, আলবদর ও খুনিরা ক্ষমতায় গেলে একাত্তরের মতো আবারও গণহত্যা চালাবে, এটি জনগণ বোঝে। গতকাল ১৭ ডিসেম্বর শনিবার রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে মহান বিজয় দিবস উপলক্ষে আওয়ামী লীগের আলোচনা সভায় সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র- **সমকাল** (শেষ পৃ, ক.২), **জনকণ্ঠ** (পৃ,১ ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ,১ ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ, ক.৭), **ভোরের কাগজ, সমকাল, জনকণ্ঠ, প্রথম আলো, এশিয়ান এজ, ইন্ডিপেনডেন্ট, অবজারভারসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। মুক্তিযুদ্ধে রুশ-ভারতের অবদান ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত একাত্তরের অকৃত্রিম বন্ধু মিত্রবাহিনীর ভারতীয় সদস্য ও তৎকালীন সোভিয়েত ইউনিয়নের নৌবাহিনী সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেছেন, 'আমাদের মুক্তিযুদ্ধে ভারত ও রাশিয়ার অবদান বাংলাদেশের ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।' রাজধানীর একটি হোটেলে গত ১৬ ডিসেম্বর শুক্রবার রাতে মুক্তিযুদ্ধে সহায়তাকারী ভারতীয় সশস্ত্র বাহিনীর ২৯ এবং মুক্তিযুদ্ধ পরবর্তী চট্টগ্রাম বন্দরের 'মাইন সুইপিংয়ে' অংশ নেওয়া সোভিয়েত ইউনিয়নের পাঁচ সদস্যকে সংবর্ধনা দেওয়া হয়। একাত্তরে মিত্রবাহিনীর ভারতীয় সদস্য ও তৎকালীন সোভিয়েত ইউনিয়নের নৌবাহিনীর সদস্যদের এই সংবর্ধনা দেয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ,পৃ. ক. ৬), **সমকাল** (পৃ.২ ক. ৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২)।

৩। নোট-গাইড বই ও কোচিং বাণিজ্য চলবে না : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নোট বই, গাইড বই এবং কোচিং বাণিজ্য চলবে না। বিষয়টি শিক্ষা আইনে অন্তর্ভুক্ত করা হবে। গতকাল ১৭ ডিসেম্বর শনিবার মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে 'ইন্টারঅ্যাকটিভ ডিজিটাল মাদ্রাসা টেক্সটবুক' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা জানান। শিক্ষামন্ত্রী উল্লেখ করেন, ছেলে-মেয়েদের সঙ্গে প্রতারণা করে অর্থ লাভ করার জন্য কেউ কোনো ধরনের পদ্ধতি অনুসরণ করে এগিয়ে যেতে পারবে না। এটাই আইনে আসবে। তবে পশ্চাৎপদ শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত ক্লাস নেওয়ার ব্যবস্থা রাখতে হবে। সকলের মতামতের ভিত্তিতেই শিক্ষা আইন প্রণয়ন করা হবে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩, ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

৪। গণতান্ত্রিক সরকার ব্যবস্থাই বর্তমান বিশ্বের জন্য উত্তম : সিপিএ সম্মেলনে স্পিকার

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, গণতান্ত্রিক সরকার ব্যবস্থাই বর্তমান বিশ্বের জন্য উত্তম। তিনি বর্তমান তরুণ প্রজন্মকে গণতান্ত্রিক সরকার ব্যবস্থার প্রতি আগ্রহী করে তুলতে কমনওয়েলথ পার্লামেন্ট সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। গত ১৬ ডিসেম্বর শুক্রবার লন্ডনে ৬২তম কমনওয়েলথ পার্লামেন্টারি সম্মেলনের ষষ্ঠ দিনে অনুষ্ঠিত জেনারেল অ্যাসেম্বলিতে চেয়ারম্যানের বক্তৃতাকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউজটুডে** (পৃ.২, ক.৬), **ডেইলি সান** (পৃ.২, ক.২)।

৫। ঢাকায় বসবাসরত মুক্তিযোদ্ধাদের হোল্ডিং ট্যাক্স মওকুফ : সংবর্ধনা অনুষ্ঠানে ঢাকার দুই মেয়রের ঘোষণা

ঢাকা মহানগরীতে বসবাসরত মুক্তিযোদ্ধাদের এক হাজার ৫০০ বর্গফুট পর্যন্ত আয়তনের বাসভবনের হোল্ডিং ট্যাক্স মওকুফের ঘোষণা দিয়েছে ঢাকার দুই সিটি করপোরেশন। দুঃস্থ মুক্তিযোদ্ধাদের জন্য আর্থিক সহায়তা তহবিল গঠন করবে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। এ ছাড়া দুই সিটি করপোরেশনই মুক্তিযোদ্ধাদের জন্য কবরস্থানের জায়গা সংরক্ষণ ও পৃথক কবরস্থান নির্মাণেরও ঘোষণা দিয়েছে। গতকাল ১৭ ডিসেম্বর শনিবার রাজধানীর বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে 'বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গের সংবর্ধনা ও পুনর্মিলনী' অনুষ্ঠানে ঢাকার দুই মেয়র এসব ঘোষণা দেন। সূত্র-**সমকাল** (পৃ.২, ক.৬), **সংবাদ** (শেষ পৃ., ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩, ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩, ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১, ক.১)।

চলমান পাতা/৩

৬। **চট্টগ্রামে ১৪ একর জমির উপর আইটি পার্ক হবে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী**

চট্টগ্রামের কর্ণফুলীর পাড়ে ১৪ একর জমির উপর শীঘ্রই আইটি পার্কের নির্মাণ কাজ শুরু হবে। গতকাল ১৭ ডিসেম্বর শনিবার চট্টগ্রাম এম এ আজিজ স্টেডিয়ামের জিমনেশিয়াম হলে লার্নিং অ্যান্ড আর্নিং মেলার উদ্বোধনকালে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, চট্টগ্রাম থেকে ডিজিটাল যোদ্ধা তৈরি করতে আমরা বাকলিয়ায় ১৪ একর জমির ওপর একটি আইটি পার্ক স্থাপন করতে যাচ্ছি। প্রাথমিক পর্যায়ে ৪০ কোটি টাকা ব্যয়ে আইটি ভিলেজ স্থাপন করা হবে। পর্যায়ক্রমে আরও ৩শ' কোটি টাকা ব্যয়ে আগামী পাঁচ বছরের মধ্যে আইটি পার্ক স্থাপন করা হবে। প্রতিমন্ত্রী বলেন, আইটি পার্ক স্থাপন শেষ হলে ৫০ হাজার তরুণের কর্মসংস্থান হবে। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, এটি বাস্তবায়ন হলে বিশ্বের নাম্বার ওয়ান আউট সোর্সিংয়ের শহর ভারতের ব্যাঙ্গালোরের মতো হবে চট্টগ্রামও। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.৩, ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮, ক.৪)।

৭। **ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে শিক্ষায় ব্যয় বাড়াতে হবে : বাংলাদেশ ব্যাংক গভর্নর**

বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ হতে হলে যুগোপযোগী শিক্ষা দরকার। এ কারণে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে শিক্ষা খাতে আরও ব্যয় করতে হবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির। গতকাল ১৭ ডিসেম্বর শনিবার রাজধানীর ইনস্টিটিউশন অভ্ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে (আইডিবি) বেসরকারি একটি ব্যাংকের মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১, ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

৮। **সরকারি হাইস্কুলে ভর্তি পরীক্ষা শুরু**

রাজধানীর সরকারি হাইস্কুলে ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। প্রথমদিন গতকাল ১৭ ডিসেম্বর শনিবার 'ক' গ্রুপের স্কুলগুলোর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রথমদিন সকালে দ্বিতীয় থেকে পঞ্চম এবং বিকালে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির পরীক্ষা শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। আজ ও আগামীকাল যথাক্রমে 'খ' ও 'গ' গ্রুপের স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শ্রেণিতে ভর্তির লটারি ড্র অনুষ্ঠিত হবে ২৪ ডিসেম্বর। সূত্র-**সংবাদ** (পৃ.১, ক.৩), **সমকাল** (পৃ.১৯, ক.২)।

৯। **২০২৪ সালে এলডিসি থেকে বের হবে বাংলাদেশ: আঙ্কটাড**

বাংলাদেশের অর্থনীতি যে গতিতে এগিয়ে যাচ্ছে তাতে স্বল্পোন্নত দেশের তালিকা বা এলডিসি থেকে বের হওয়ার সক্ষমতা অর্জন করতে পারবে ২০১৮ সালের মধ্যেই। এই অর্জনকে পরবর্তী ৬ বছর টেকসই করতে পারলে ২০২৪ সাল নাগাদ এই তালিকা থেকে আনুষ্ঠানিকভাবে বেরিয়ে আসতে পারবে বাংলাদেশ। এরপরেও আরো তিন বছর অর্থাৎ ২০২৭ সাল পর্যন্ত এলডিসির সুবিধা পাওয়া যাবে। জাতিসংঘের বাণিজ্য ও উন্নয়ন সংস্থা আঙ্কটাড এর এক প্রতিবেদনে এ তথ্য উল্লেখ করা হয়েছে। গতকাল ১৭ ডিসেম্বর শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে এই প্রতিবেদন তুলে ধরে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। সূত্র-**ইত্তেফাক (পৃ. ১, ক.১)**, **জনকণ্ঠ** (পৃ.১, ক.১), **এশিয়ান এজ** (পৃ.১, ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১, ক.১)।

১০। **আন্তর্জাতিক অভিবাসী দিবস আজ**

আজ আন্তর্জাতিক অভিবাসী দিবস। 'উন্নয়নের মহাসড়কে, অভিবাসীরা সবার আগে' এই প্রতিপাদ্য নিয়ে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি যথাযথভাবে উদ্যাপনের লক্ষ্যে সরকার জাতীয়ভাবে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। অভিবাসী কর্মীদের মর্যাদা ও অধিকার সমুন্নত রাখার প্রয়াসে প্রতি বছর ১৮ ডিসেম্বর পালিত হয় আন্তর্জাতিক অভিবাসী দিবস। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১, ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১, ক.৮), **নিউ এজ** (শেষ পৃ, ক.২), **ডেইলি সান** (শেষ পৃ., ক.৬)।

চলমান পাতা/৪

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশে প্রায় দুই কোটি মানুষ কিডনি রোগে আক্রান্ত থাকার বিষয় তুলে ধরে কিডনি বিকল হওয়ার আগেই সকলের সচেতনতা বৃদ্ধিতে সরকারি ও বেসরকারি পর্যায়ে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ জরুরী বলে অভিমত।

খ. **সংবাদ :** সাধারণ মানুষকে বিপদে ফেলে গ্যাসের দাম বৃদ্ধির মাধ্যমে অতিরিক্ত শুল্ক ও কর আদায়ের আত্মঘাতী সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার সুপারিশ।

গ. **প্রথম আলো :** জামালপুর জেলা 'সরিষাবাড়ী বুদ্ধিপ্রতিবন্ধী বিদ্যালয় ও পুনর্বাসনকেন্দ্র' নামের কৃতী প্রতিষ্ঠানের নানা সমস্যা সমাধানের উদ্যোগ নেওয়ার আহ্বান।

ঘ. **সমকাল :** টাকা নিয়ে মাসিক একটি সেমিনারে অংশগ্রহণের বিনিময়ে ব্যাচেলর, মাস্টার, এমফিল ও পিএইচডি ডিগ্রি দেওয়ার বিষয় তুলে ধরে প্রকৃত শিক্ষিতদের সুরক্ষার স্বার্থে এই প্রতারকদের কঠোর হাতে দমনের সুপারিশ।

ঙ. **যুগান্তর :** শিক্ষার্থীদের হাতে সময়মতো পাঠ্যপুস্তক তুলে দেওয়ার কর্মসূচিতে যেন বিঘ্ন না ঘটে তা নিশ্চিত করার প্রত্যাশা ।

চ. **ইনকিলাব :** প্রতিবছর দেশের ৬৮ হাজার ৭৬০ হাজার হেক্টর কৃষি জমি অকৃষি খাতে চলে যাওয়ায় মানুষের খাদ্য সংস্থানে কৃষি জমি রক্ষায় সরকারকে অবিলম্বে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** হজযাত্রীদের কাছ থেকে সরকার বা এজেন্সি কর্তৃক নির্ধারিত অর্থের চেয়ে বেশি অর্থ আদায়ের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনে হজ লাইসেন্স বাতিলের ব্যবস্থা নেওয়ার আহ্বান।

জ. **ডেইলি সান :** সাইবার অপরাধের মাধ্যমে অনলাইনে লটারি ও পুরস্কারের ফাঁদে ফেলে মানুষের কাছ থেকে বিপুল অর্থ আদায়ে জড়িত অসাধু সিন্ডিকেটের বিরুদ্ধে কর্তৃপক্ষকে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্যসূচিতে দেশের ইতিহাস ঐতিহ্য বেশি করে অন্তর্ভুক্ত করে তা পাঠদানের ব্যবস্থা করার আহ্বান।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** রাজধানী ঢাকার ৭০ শতাংশ এলাকা সুয়ারেজ নেটওয়ার্কের বাইরে থাকায় জনদুর্ভোগ লাঘবে ঢাকা ওয়াসার কাজের পরিধি বাড়িয়ে পানি ও বায়ু দূষণ প্রতিরোধের ব্যবস্থা জোরদার করার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে নিরপরাধ মানুষকে অত্যাচার, নির্যাতন শুধু অন্যায়-অবৈধ কাজই নয়, ধর্মবিরোধী কাজও। এর ফলে নিজ ধর্মের গৌরব বাড়ে না বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'প্রত্নস্থল নিয়ে ভাববার এখনই সময়'** শিরোনামের নিবন্ধে ড. সাইফুদ্দীন চৌধুরী দেশের প্রাচীন ইতিহাসের সুরক্ষায় প্রত্নস্থলগুলো হারিয়ে যাওয়ার আগেই সরকারকে তা রক্ষায় বিশ্বস্ততার সঙ্গে কাজ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা